

# ঝুঁটুয়

বগুড়ায় এপিবিএন সেরা

## এইচএসসিতে জিপি-৫'র ছড়াছড়ি

ব্যক্তি: বগুড়া ব্যরো

দিন: ২৭ নভেম্বর ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

বগুড়ায় উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলে জিপি-৫ এর ছড়াছড়ি। জেলার উল্লেখযোগ্য ১২টি কলেজ থেকে এবার দুই হাজার ৯৫২ জন জিপি-৫ পেয়েছে। ছয়টি প্রতিষ্ঠানে পাশের হার শতভাগ।

জিপি-৫ প্রাপ্তির হার অনুসারে বগুড়া আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ জেলায় সেরা হয়েছে। দ্বিতীয় হয়েছে, বিয়াম মডেল স্কুল ও কলেজ এবং তিনি অবস্থানে সরকারি আজিজুল হক কলেজ। বিয়াম মডেল স্কুল ও কলেজ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল ও কলেজ, পুলিশ লাইন্স স্কুল ও কলেজ, আরডিএ স্কুল ও কলেজ, টিএমএসএস পাবলিক স্কুল ও কলেজ, এসওএস হারম্যান মেইনার স্কুল ও কলেজ এবং বিএএফ শাহীন কলেজের শিক্ষার্থীরা শতভাগ পাশ করেছে। বগুড়া আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ থেকে এবার শতভাগ পাশসহ ৪১০ পরীক্ষার্থীর মধ্যে জিপি-৫ পেয়েছে, ৩৪৯ জন (৮৫.১৩ শতাংশ) ও এ গ্রেড ৬১ জন। বিজ্ঞান বিভাগ থেকে ২৮৫ জনের মধ্যে জিপি-৫ পেয়েছে ২৭৪ ও এ গ্রেড ১১ জন, ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ১৯ জন পরীক্ষা দিয়ে জিপি-৫ পেয়েছে পাঁচজন ও এ গ্রেড ১৪ জন এবং মানবিক বিভাগ থেকে ১০৬ জনের মধ্যে জিপি-৫ লাভ করে ৭০ জন। এ গ্রেড পেয়েছে ৩৬ জন। জিপি-৫ প্রাপ্তিতে জেলায় সেরা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এটিএম মোস্তফা কামাল জানান, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, গভর্নিং বডিইর সভাপতির ঐকান্তিক প্রচেষ্টায় এ ফলাফল এসেছে।

সম্পাদক : সাঈফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023

